

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১৬.৪৮৭.২০১২- ৪৯


তারিখ: ০৪ মাঘ ১৪২৭।
১৮ জানুয়ারি ২০২১।

বিষয়: NRBC Bank এর মাধ্যমে আদায়কৃত স্থানীয় সরকার কর জমাকল্পে NRBC Bank এর সংশ্লিষ্ট সমুদয় শাখায় হিসাব খোলা সংক্রান্ত।

সূত্র: NRBC Bank-এর স্মারক নং-৫২; তারিখ: ৩০ ডিসেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে NRBC Bank থেকে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) পাতা।


মমত হোসেন

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৬২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

০১। চেয়ারম্যান (সকল),..... উপজেলা পরিষদ,..... জেলা।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),..... উপজেলা,..... জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। জেলা প্রশাসক (সকল),..... জেলা।

০২। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল),..... জেলা।

০৩। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, NRBC Bank, ঢাকা।

০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল),..... উপজেলা পরিষদ,..... জেলা।

০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

পত্র নং : এনআরবিসি/কর্পোরেট মার্কেটিং/ ২০২০/৫২

মাননীয়
সিনিয়র সচিব
স্থানীয় সরকার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা, বাংলাদেশ।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা

ডায়েরি নম্বর:
তারিখ: ৩০/১২/২০

স্বাক্ষর

হাসক
৩৩০৫

বিষয় : NRBCBank এর মাধ্যমে আদায়কৃত স্থানীয় সরকার কর জমাকল্পে NRBCBank এর সংশ্লিষ্ট সমুদয় শাখায় দেশের সকল উপজেলা পরিষদ ও জেলা পরিষদ এর হিসাব খোলা প্রসঙ্গে।

জনাব,
এনআরবিসি ব্যাংক নতুন প্রজন্মের ব্যাংক হিসেবে ২০১৩ সালে যাত্রা শুরু করে। উন্নয়নের ধারায় স্বনির্ভর বাংলাদেশ গড়ার প্রবাসীর স্বপ্নকে বাস্তবায়নের লক্ষ্যে এ যাবত দেশের বিভিন্ন স্থানে ৭৬টি শাখা, ৫৮টি উপ-শাখা, ২৮টি জেলায় বিআরটিএ বুথ, সারা দেশে ২৮৬টি ভূমি রেজিস্ট্রেশন ফি কালেকশন উপ-শাখা, ৫৬টি ATM Booth এবং ৫৮৬টি এজেন্ট পয়েন্ট এর মাধ্যমে রিয়েলটাইম ট্রানজেকশন সুবিধা সমন্বিত ব্যাংকিং সেবা জনগনের কাছে পৌঁছে দিচ্ছে এনআরবিসি ব্যাংক। এছাড়াও ব্যাংক দেশের ৫০৩ টি সাব-রেজিস্ট্রার অফিস এবং অবশিষ্ট সকল জেলাতে বিআরটিএ এর ফিস্ এবং ট্যাক্স আদায়ের জন্য কালেকশন বুথ ও উপ-শাখা প্রতিষ্ঠা করার কার্যক্রম চালু রয়েছে।

বাংলাদেশ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক খাতে ব্যাংকিং পার্টনার হিসেবে NRBCBank কাজ করে যাচ্ছে। বর্তমানে সারাদেশে সরকারের ভূমি রেজিস্ট্রেশন অফিস সমূহে অনলাইন সার্ভারের মাধ্যমে সরকারী রাজস্ব আহরন করছে। এ পর্যায়ে ২৮৬টি সাব-রেজিস্ট্রি অফিসে আমাদের কার্যক্রম শুরু হয়েছে এবং দেশের ৫০৩ টি সাব-রেজিস্ট্রার অফিসই অনলাইন ফি গ্রহনের আওতায় আসবে। আমরা আইন মন্ত্রণালয়ের নিবন্ধন অধিদপ্তরের নির্দেশে সকল সাব-রেজিস্ট্রার অফিসের মাধ্যমে স্থানীয় সরকার কর আদায় করছি। আপনার সদয় বিবেচনার জন্য জানাতে চাই যে, সারা দেশে ভূমি রেজিস্ট্রেশন অফিসসমূহ থেকে আদায়কৃত সরকারী রাজস্ব আমরা বর্তমানে নির্ধারিত সময়ে BEFTN এর মাধ্যমে সোনালী ব্যাংকে প্রেরণ করে থাকি এবং এই প্রক্রিয়ায় জেলা পরিষদ ও উপজেলা পরিষদ হিসাবের টাকা ট্রান্সফার বেশ সময়সাপেক্ষ হয়ে যায় এবং জটিলতা সৃষ্টি হয়। জেলা পরিষদ ও উপজেলা পরিষদ সিটি কর্পোরেশন এর হিসাবগুলি এনআরবিসি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাতে থাকলে প্রতিদিনের এ্যাডভাইসের অর্থ প্রতিদিনেই উক্ত হিসাবে জমা করা এবং সেবা সহজীকরণ সম্ভব হতো। এছাড়াও হিসাবগুলি অন্য ব্যাংকে হওয়াতে রিকনসিলিয়েশনেরও বেশ সমস্যা তৈরী হচ্ছে এবং এতে সময়ক্ষেপণ হচ্ছে।

অতএব জনাব, উপরোক্ত সকল বিষয় বিশেষভাবে বিবেচনায় এনে NRBCBank এর মাধ্যমে আদায়কৃত স্থানীয় সরকার কর তথা সরকারী রাজস্ব নির্দিষ্ট সময়ে ব্যাংক হিসাবে জমাকল্পে NRBCBank এর সংশ্লিষ্ট সমুদয় শাখায় দেশের সকল জেলা পরিষদ ও উপজেলা পরিষদ এর হিসাব খোলার অনুমতি প্রদান করার জন্য বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,

মোঃ মুখতার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

উপজেলা-১/ উপজেলা-২ শাখা
তারিখ: ৩০/১২/২০২০

অতিরিক্তসচিব (উপজেলা)